“ছেলে হোক,মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মাদারীপুর সদর, মাদারীপুর।
Email:ufpomadaripursadar@gmail.com

স্মারক নং-উপপ/সদর/মাদা/২০২২/১১৪ তারিখঃ ২০/০৬/২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী,পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এর স্মারক নংপপঅ/এফএসডি/০৪(কর্মসূচী/ স্বেচ্ছাসেবী/ছায়া নথি/১)৪(১)/২০২০-২১/১১৩৭ তারিখঃ ১৩/০৬/২০২২ খ্রিঃ মোতাবেক ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির অধীন ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী অপারেশন প্ল্যানের আওতায় দুর্গম ও নিম্ন অগ্রগতি এবং ১০০০ (এক হাজার) এর অধিক সক্ষম দম্পত্তি সম্পন্ন ওয়ার্ড/ইউনিটসমূহে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের গতিশীলতা আনয়নের লক্ষ্যে স্বেচ্ছাসেবী (মহিলা) নিয়োগ কার্যক্রমের ধারাবাহিকতায় ২০২১-২০২২ অর্থ বছরে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রকল্প চলাকালীন সময়ের জন্য ( ৩০ জুন ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত) আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ছকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন (সুবিধাদি) | পদের সংখ্যা | ইউনিয়নের নাম ও পদ সংখ্যা | | যে সকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ আবেদন করতে পারবেন (শুধুই মহিলা প্রার্থী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | স্বেচ্ছাসেবী (মহিলা) ভাতাঃ কর্মদিবস সপ্তাহে ০৬ (ছয়) দিন, দৈনিক ৫৫০.০০ (পাঁচশত পঞ্চাশ) টাকা [যাতায়াত ভাতা ৪০০/- (চারশত) টাকা এবং টিফিন ভাতা ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ] | ১৫ (পনের) টি | শিরখাড়া ইউনিয়ন ০১(এক) টি | | পশ্চিম মাঠ, উত্তর শিরখাড়া, দক্ষিন শিরখাড়া, বাহেরচর শ্রীনদী, সৈয়দনূর, সোনাপাড়া | ন্যূনতম মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | | | কেন্দুয়া ইউনিয়ন ০২(দুই) টি | ১ (এক) টি | শ্রীনাথদী, গাজীরচর, নিজ বাজিতপুর | |
| ০৩ | | | | ১ (এক) টি | ছোট ঘটকচর, দক্ষিন কাউয়াকুড়ি, উত্তর কাউয়াকুড়ি, মাঠিভাঙ্গা, দত্তের হাট | |
| ০৪ | | | মস্তফাপুর ইউনিয়ন ০১ (এক) টি | | দক্ষিন খাগছাড়া, উত্তর খাগছাড়া, সূচিয়ারভাঙ্গা | |
| ০৫ | | | ছিলারচর ইউনিয়ন ০১ (এক) টি | | পূর্ব রঘুরামপুর, পশ্চিম রঘুরামপুর, আউলিয়াপুর | |
| ০৬ | | | পাঁচখোলা ইউনিয়ন ০২(দুই) টি | ১ (এক) টি | চর কালিকাপুর, বাহের চর কাতলা, সিকদারকান্দি, জাফরাবাদ, পশ্চিম জাফরাবাদ, বাদশাহকান্দি | |
| ০৭ | | | | ১ (এক) টি | পূর্ব মহিষের চর, পশ্চিম মহিষের চর | |
| ০৮ | | | ঘটমাঝি ইউনিয়ন ০২ (দুই) টি | ১ (এক) টি | ঝিকরহাটি, খামারবাড়ি, ঘটমাঝি, ফুকুচিয়া, দেবরাজ, বাহেরান্দ্রী | |
| ০৯ | | | | ১ (এক) টি | ছয়না, কুকড়াইল, রানদী, যুবরানদী, রানাদিয়া | |

চলমান পাতা-০২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০ | | | ঝাউদী ইউনিয়ন ৩ (তিন) টি | ১ (এক) টি | কুলপদ্বী, চরকুলপদ্বী, ব্রাহ্মদী, চর ব্রাহ্মদী | |
| ১১ | | | | ১ (এক) টি | বাহেরদী, পূর্ব টুবিয়া, সৈদারবালী, পশ্চিম টুবিয়া, গুহপাড়া, বনিকপাড়া, মোবারকদী, জয়নাল শাহ হাওলী, আজিতুন্নাপাড়া, ঝাউদী | |
| ১২ | | | | ১ (এক) টি | হোগলপাতিয়া, কালাইমাড়া, উত্তর বোতলা, পূর্ব মাদ্রা, পশ্চিম মাদ্রা, বাহের মাদ্রা | |
| ১৩ | | | ধুরাইল ইউনিয়ন ০১ (এক) টি | | খালাসীকান্দি, সরদারকান্দি, উত্তর বিরাঙ্গাল, দক্ষিন বিরাঙ্গাল, ধুরাইল কাপালীকান্দি | |
| ১৪ | | | কুনিয়া ইউনিয়ন ০২(দুই) টি | ১ (এক) টি | দক্ষিন পাড়া, কুনিয়া, মাহমুদসী, বনগ্রাম, ভরুয়াপাড়া, দৌলতপুর, দিঘলপাড়া | |
| ১৫ | | | | ১ (এক) টি | খামারপাড়া, খাদনসী, আপাসী, নিসাবদী, হুগলী, ত্রিভাগদী | |

আবেদনকারীগণের জন্য প্রযোজ্য যোগ্যতা/অনুসরণীয় শর্তাবলীঃ

০১। আগামী ২৭ জুন ২০২২ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র- কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমানের জন্য এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করা হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধান সংশোধন করা হলে তা অনুসরণ করতে হবে।

০৪। প্রার্থীর যোগ্যতা:

ক) প্রার্থীগণকে (শুধুই মহিলা) বিজ্ঞাপনে উল্লিখিত কর্ম এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

খ) শারীরিক ও মানসিক ভাবে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট দাখিল করতে হবে।

গ) সমাজকল্যাণমূলক কাজ করতে আগ্রহী হতে হবে।

ঘ) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।

ঙ) মুক্তিযোদ্ধা পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

চ) ভবিষ্যতে তথ্যের কোন গড়মিল পাওয়া গেলে অথবা মিথ্যে তথ্য দিয়ে নিয়োগ লাভ করলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৫। প্রার্থীগণ নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ণ করে ০১ (এক) সেট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্র মাদারীপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (পাসপোর্ট অফিসের পাশে) সরাসরি/ডাকযোগে/ কুরিয়ারে জমা দেয়া যাবে। তবে শর্ত থাকে যে, আবেদনপত্র অবশ্যই নির্ধারিত তারিখ অর্থাৎ ২৭ জুন ২০২২ তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। অন্যথায়, নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

চলমান পাতা-০৩

ক) প্রার্থীর সদ্যতোলা ০২ (দুই) কপি রঙিন ছবি সত্যায়িত।
খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
গ) প্রার্থী যে ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-এর নিকট হতে গৃহীত নাগরিকত্ব/চারিত্রিক সনদপত্রের মূলকপি।
ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
ঙ) পূর্ববতী কাজের অভিজ্ঞতা (সমাজ কল্যাণমূলক/চাকুরি) সনদপত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)।
চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা এর সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে)।
ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকা/প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদপত্রের ছায়ালিপি।

০৬। স্বেচ্ছাসেবী (মহিলা) দায়িত্ব ও কর্তব্য:- পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য ও পুষ্টি কর্মসূচীর একজন মাঠকর্মী এবং ইউনিয়নে পরিবার পরিকল্পনা দলের একজন সদস্য। তাঁর ভূমিকা হবে পরিবার পরিকল্পনা মা ও শিশুস্বাস্থ্য, কিশোর-কিশোরীর স্বাস্থ্য এবং পুষ্টি বিষয়ে নির্ধারিত ইউনিটের সকল সক্ষম দম্পত্তিকে তথ্য ও শিক্ষা প্রদান এবং উদ্বুদ্ধকরণ, সক্ষম দম্পতি ও অনুর্ধ্ব ০৫ (পাঁচ) বছরের শিশুদের যথাযথ সেবা প্রদান, কিশোর-কিশোরীর সেবা নিশ্চিত করার উদ্দেশ্যে বাড়ী পরিদর্শন, স্যাটেলাইট ক্লিনিক, কমিউনিটি ক্লিনিক ও ইপিআই কার্যক্রমসহ সকল কাজ সম্পাদন করা। তাঁর ইউনিটের দম্পতিদের সাথে নিবিড় যোগাযোগ স্থাপন ও রক্ষা করা।

০৭। নির্ধারিত আবেদনপত্র ছক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কার্যালয় এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নোটিশ বোর্ড। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারীপুর সদর, মাদারীপুর ওয়েব পোর্টাল (sadar.madaripur.gov.bd) সংগ্রহ করা যাবে। অস্পষ্ট, ত্রুটিপূর্ণ ও প্রার্থীর স্বাক্ষরবিহীন আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। ১০০ (একশত) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

০৯। স্বেচ্ছাসেবী নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত প্রতিটি পদে নিয়োগকৃত প্রতিজন প্রার্থীর বিপরীতে ০১ (এক) জন প্রার্থীকে অপেক্ষমান তালিকায় রাখা হবে। কোনো স্বেচ্ছাসেবী চাকুরি হতে ইস্তফা দিলে বা কোনো কারণে স্বেচ্ছাসেবীর পদ শূন্য হলে অপেক্ষমান তালিকা হতে তা পূরণ করা হবে।

১০। আবেদনপত্র প্রেরণের খামের উপর নিজ ইউনিয়ন, গ্রামের নাম ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১১। প্রত্যেক বৈধ প্রার্থীকে আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থ।ন জানিয়ে দেওয়া হবে। আবেদনপত্রে প্রদানকৃত মোবাইল নাম্বার সচল রাখতে হবে। মৌখিক পরীক্ষা প্রবেশপত্র সংশ্লিষ্ট ইউনিয়নের ইউনিয়ন পরিষদ কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।

১২। নিয়োগপ্রাপ্তদের স্বেচ্ছাসেবী (মহিলা) ০১ (এক) বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন। কেবল প্রকল্প (৩০ জুন ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত) সময়ের জন্য নিয়োগকৃত স্বেচ্ছাসেবীদের মেয়াদ বলবৎ থাকবে এবং প্রকল্প সমাপ্তির সাথে সাথে উল্লিখিত নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
ক) অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবে।
খ) স্বেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি নিতে চাইলে কর্তৃপক্ষকে ০১ (এক) মাস পূর্বে অবহিত করতে হবে।
গ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে সরবরাহকৃত পোষাক পরিধান করে কর্ম এলাকায় কাজ করতে হবে এবং নিজ কর্মএলাকায় অবশ্যই অবস্থান করতে হবে।
ঘ) পরিবার পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ স্বেচ্ছাসেবীগণের কার্যক্রম মনিটরিং ও সুপারভিশন করবেন।

১৩। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টাল ((sadar.madaripur.gov.bd )এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মাদারীপুর সদর, মাদারীপুর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১৪। আবেদনপত্র উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য সচিব স্বেচ্ছাসেবী (মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মাদারীপুর সদর, মাদারীপুর বরাবরে আগামী ২৭ জুন ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গৃহীত হবে না।

চলমান পাতা-০৪

১৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে যোগদানের সময় ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে এই মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে,

ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্বখাতে জনবল নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করবেন না।

খ) নিয়োগকৃত স্বেচ্ছাসেবী হিসেবে স্থায়ীকরণ এবং জাতীয় বেতন স্কেলে অন্তর্ভূক্তির দাবী উত্থাপন করতে পারবেন না।

গ) নিয়োগপত্রে উল্লিখিত শর্তসমূহ প্রতিপালনে বাধ্য থাকবেন, অন্যথায় স্বেচ্ছাসেবীর বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক যে কোনো আইনগত ব্যবস্থায় আপত্তি করতে পারবেন না।

১৬। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন অথবা আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত
(মোঃ নুরে আলম)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
ও
সদস্য সচিব
স্বেচ্ছাসেবী (মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি
মাদারীপুর সদর, মাদারীপুর

# চাকরির আবেদন ফরম

ছবি আঠা দিয়ে লাগাতে হবে

বরাবর,
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মাদারীপুর সদর, মাদারীপুর

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: (২৩/৬/২০২২তারিখে) | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতা/স্বামীর নাম: | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | |
| | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | |
| | ইউনিয়ন,ওয়ার্ড/ইউনিট নম্বর | | | |
| | ডাকঘর: | | | |
| | পোষ্ট কোড নম্বর: | | | |
| | উপজেলা: | | | |
| | জেলা: | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): | |
| ১২. | জাতীয়তা: | ১৩. | লিঙ্গ: | |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: | |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | |
|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: ____________ প্রার্থীর স্বাক্ষর

সংযুক্তিঃ-
১.
২.
৩.
৪.
৫.
৬.

ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মাদারীপুর সদর, মাদারীপুর
E-mail: ufpomadaripursadar@gmail.com

**ছবি আঠা দিয়ে লাগাতে হবে**

# মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র

## (প্রার্থী কর্তৃক পূরণীয়)

| | | | |
|---|---|---|---|
| পদের নাম : | | | |
| প্রার্থীর নাম: | | | |
| পিতা/স্বামীর নাম: | | | |
| মাতার নাম: | | | |
| ঠিকানা: | | | |
| গ্রাম/মহল্লা: | | ওয়ার্ড নং: | |
| ইউনিয়ন : | | ডাকঘর : | |
| উপজেলা: | | জেলা: | |

---

## (অফিস কর্তৃক পূরণীয়)

| | |
|---|---|
| **রোল নং** : | |
| পরীক্ষা কেন্দ্রের নাম : | |
| পরীক্ষার তারিখ : | |
| পরীক্ষার সময় : | |

অনুসরণীয় শর্তাবলী

১। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনার ছবিযুক্ত এই পত্রখানা অবশ্যই সংগে রাখবেন। এই পত্রটি আপনার প্রবেশ পত্র হিসাবে গণ্য হবে।
২। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সহিত দাখিলকৃত সকল সনদ ও দলিলাদির মূলকপি সংগে রাখবেন।
৩। এই পত্রটি আপনার চাকুরী প্রাপ্তির কোন নিশ্চিয়তা প্রদান করেনা।
৪। পরীক্ষায় উপস্থিত হইবার জন্য আপনাকে কোন প্রকার ভাতা বা যাতায়াত খরচ দেওয়া হবে না।

মোঃ নুরে আলম
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
ও
সদস্য সচিব
স্বেচ্ছাসেবী (মহিলা) নিয়োগ ও বাছাই কমিটি
মাদারীপুর সদর, মাদারীপুর।